

বাংলা স্নাতক প্রবেশিকা পরীক্ষা

বাংলা বিভাগ, বেথুন কলেজ

পূর্ণমান - ৫০

২০১৬

সময় ১ ঘণ্টা

বিশেষ দ্রষ্টব্যঃ

*যথা সম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

*উত্তরের জন্য নির্ধারিত স্থানেই সংকুলান করতে হবে। পৃথক কোন কাগজ দেওয়া হবে না বা ব্যবহার করা যাবে না।

*ভুল হলে কেটে দিতে হবে, কোন রাসায়নিক তরল ব্যবহার করা যাবে না।

*সংক্ষিপ্ত উত্তরের ক্ষেত্রে ওভার রাইটিং না করাই বাঞ্ছনীয়।

১। রচনা ও রচয়িতার নাম অনুসারে বামদিকের সঙ্গে ডানদিক সংযুক্ত করো। (৪ X ১ = ৪)

বামদিক	ডানদিক
ক) চর্যাপদ	মালাধর বসু
খ) শিবায়ন	বৃন্দাবন দাস
গ) শ্রীচৈতন্যভাগবত	কাহ্নপাদ
ঘ) শ্রীকৃষ্ণবিজয়	রামেশ্বর ভট্টাচার্য

২। সঠিক উত্তরটির উপর টিক্ চিহ্ন দাও।

(৬ X ২ = ১২)

ক) 'রায়গুনাকর' উপাধি ছিল - ১। মুকুন্দরামের ২। ভারতচন্দ্রের

৩। বিদ্যাপতির ৪। কবিশেখরের

খ) আখ্যেটিক খন্ড হ'ল - ১। ব্যাধকে নিয়ে লেখা খন্ড, ২। রাজাকে নিয়ে লেখা খন্ড,

৩। বনিক বিষয়ক খন্ড, ৪। মঙ্গল বিষয়ক খন্ড।

গ) রাজারামমোহন রায় কর্তৃক অনূদিত গ্রন্থটির নাম -

সংস্কৃত ভাষা ও সংস্কৃত শাস্ত্র বিষয়ক প্রস্তাব / বেদান্তসার/ ভারতবর্ষীয় উপাসক সম্প্রদায় /
পারিবারিক প্রবন্ধ ।

ঘ) তারাক্ষর বন্দোপাধ্যায়ের লেখা ছোটগল্পটি হ'ল -

রোমহন/ চোর/ তারিণী মাঝি / অহিংসা ।

ঙ) জেনারেল > জাঁদরেল - ধ্বনি পরিবর্তনের কোন প্রক্রিয়া ?

স্বতোনাসিক্যীভবন / নাসিক্যীভবন / বিনাসিক্যীভবন / অনুনাসিকতা ।

চ) কোন বানানটি ভুল চিহ্নিতকরণ করো ।

কাচ / মৎস / এতদ্বারা / দুর্গা

৩। সঠিক উত্তরটি প্রশ্নের পাশে লেখ ।

(৫ X ২ = ১০)

ক) 'অন্তর্জলী যাত্রা' উপন্যাসটির লেখক কে ?

খ) 'রত্ন চণ্ডালের হাড়' -এর রচয়িতা কে ?

গ) 'রায়বাড়ি'-উপন্যাসটি কার লেখা ?

ঘ) 'কালকূট' কার ছদ্মনাম ?

ঙ) রবীন্দ্রনাথের লেখা দুটি নাটকের নাম লেখ ।

৪) মিলিয়ে লেখ । সঠিক উত্তরটি () -এর মধ্যে লেখ । (৪ X ১ = ৪)

ক) ১৮৯৯ মধুসূদন দত্ত ()

খ) ১৮৬১ জীবনানন্দ ()

গ) ১৮৭৩ শঙ্খ ঘোষ ()

ঘ) ১৯৩২ রবীন্দ্রনাথ ঠাকুর ()

অনধিক ৩৫০ শব্দের মধ্যে নিম্নলিখিত যে কোন একটি বিষয়ে একটি নিবন্ধ লেখ । (২০)

ক) তুমি কি কবিতা পড় ? খ) শিশু-কিশোর সাহিত্য গ) সাহিত্য কী ? -এই বিষয়ে নিবন্ধ
ঘ) আনন্দধারা বহিছে ভুবনে! ঙ) পাঠ্যসূচী বহির্ভূত যে কোন ছোটগল্পের বিষয়বস্তু ও শিল্পমূল্য
বিচার চ) দেশভাগের প্রেক্ষিতে লেখা বাংলা কথাসাহিত্য।

৪) মিলিয়ে লেখ । সঠিক উত্তরটি () -এর মধ্যে লেখ । (৪ X ১ = ৪)